

বিশ্বমানের শিক্ষা নিশ্চিত করাই আমাদের লক্ষ্য

আইইউটি সমাবেশে শিক্ষামন্ত্রী

■ গাজীপুর প্রতিনিধি

শিক্ষামন্ত্রী নুরুল ইসলাম নাহিদ এমপি বলেছেন, আমাদের ভবিষ্যৎ প্রজন্মের জন্য বিশ্বমানের বিজ্ঞান ভিত্তিক একটি শিক্ষা ব্যবস্থা গড়ে তোলাই আমাদের লক্ষ্য। একই সাথে আমাদের নতুন প্রজন্মকে উন্নত নৈতিক চরিত্র ও দেশপ্রেমিক হিসাবে গড়ে তুলতে চাই। সে লক্ষ্যে মানসম্পন্ন উচ্চ শিক্ষার উন্নয়নে আমরা চেষ্টা করছি।

গতকাল বুধবার গাজীপুরের বোর্ডবাজারে ইসলামি সম্মেলন সংস্থার (ওআইসি) অঙ্গ প্রতিষ্ঠান ইসলামিক ইউনিভার্সিটি অব টেকনোলজির ২৯তম সমাবেশ অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় তিনি এসব কথা বলেন। অনুষ্ঠানে অতিথি ছিলেন ওআইসির মহাসচিব ও বিশ্ববিদ্যালয়ের চ্যান্সেলর ইয়াদ আমিন মাদানীর পক্ষে সহকারী সেক্রেটারী জেনারেল এম্বাসেডর মোহাম্মদ নাসিম খান।

বিশ্ববিদ্যালয়ের উপাচার্য প্রফেসর ড. এম. ইমতিয়াজ হোসাইনের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন শিক্ষা সচিব এম এ মাহমুদ ও বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রার আহসান হাবিব। পৃষ্ঠা ২ কলাম ২

বিশ্বমানের শিক্ষা

২০ পৃষ্ঠার পর

শিক্ষামন্ত্রী আশাবাদ ব্যক্ত করে বলেন, অদূর ভবিষ্যতে আইইউটি একটি গবেষণা ভিত্তিক বিশ্ববিদ্যালয়ে পরিণত হবে। এ লক্ষ্যে বাংলাদেশ সরকার এ বিশ্ববিদ্যালয়ে একটি ১০তলা বিশিষ্ট মহিলা হোস্টেল নির্মাণ এবং ১০তলা বিশিষ্ট আরো একটি ভবন নির্মাণে ১৬০ মিলিয়ন টাকা অনুমোদন দিয়েছে। আমি আশা করি ছাত্রীদের সুযোগ-সুবিধা বৃদ্ধিতে আইইউটি কর্তৃপক্ষ দ্রুত কার্যকরী পদক্ষেপ গ্রহণ করবে।

মন্ত্রী অনুষ্ঠানে গ্রাজুয়েশন সম্পন্ন করা বিশ্ববিদ্যালয়ের ৩৩২ জন শিক্ষার্থীর মাঝে সনদপত্র বিতরণ করেন। এদের মধ্যে বাংলাদেশের সর্বাধিক সংখ্যক শিক্ষার্থী রয়েছে। এছাড়া বিশেষ কৃতিত্ব অর্জনের জন্য কয়েকজন শিক্ষার্থীকে ওআইসি এবং আইইউটি স্বর্ণপদক প্রদান করা হয়।